**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 NOVEMBER 2024** **7:35 AM IST**

==========================================================================

আসাম মন্ত্রীসভা খুব শীঘ্রই সম্প্রসারন করা হবে এবং এক্ষেত্রে বরাক উপত্যকা থেকে একজন বিধায়ককে মন্ত্রীসভায় অর্ন্তভুক্ত করা বলেও মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্বশর্মা সাংবাদিকদের জানিয়েছেন । মুখ্যমন্ত্রী জানান যে মন্ত্রীসভার সম্পরসারন নিয়ে শীঘ্রই দলের সম্মতি পাওয়া যাবে।

---

রাজ্যের কৃষি মন্ত্রী অতুল বরা জানিয়েছেন যে
কৃষকদের উপার্জনের প্রতি লক্ষ্য রেখে রাজ্য সরকার খারিফ মরশুমে প্রতি কুইন্টাল ধানের নূন্যতম সমর্থিত মূল্য ২ হাজার ৩০০ টাকা ধার্য্য করেছে এবং কৃষক থেকে এই মূল্যে ধান ক্রয়ের ব্যবস্থা করা হয়েছে । ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে ধান ক্রয়ের ব্যবস্থা আরম্ভ হবে বলে কৃষিমন্ত্রী শ্রী বরা জানান । এই ব্যবস্থার মাধ্যমে উপকৃত হতে কৃষকদের জেলা কৃষি আধিকারিক বা কৃষি উন্নয়ন আধিকারিকের সংগে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

শিক্ষামন্ত্রী ড: রণোজ পেগু আগামীকাল শিক্ষা বিভাগের চাকুরীর সেবাবৃদ্ধি সম্পর্কে আলোচনা করতে আসাম হাইস্কুল শিক্ষক সংস্থা , সারা আসাম সরকারী বিদ্যালয় সেবা সংস্থা , সারা আসাম

উচ্চতর মাধ্যমিক শিক্ষক কর্মচারী সংস্থা সহ আরো কয়েকটি সংগঠনকে এক বৈঠকে আমন্ত্রন জানিয়েছেন ।
দিসপুরে জনতা ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

---

কাছাড় জেলা প্রশাসন শিলচর শহরের সড়ক সম্প্রসারণের জন্য কিছু পদক্ষেপ গ্রহণ করেছে । এই অনুসারে শিলচর রাঙ্গিরখাড়ি পয়েন্ট থেকে মেহেরপুরের বীরবল বাজার পর্যন্ত দুই-লেনের রাস্তাকে চার-লেনের সড়কে পরিনত করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে । শহরের ব্যাস্ততম এই অংশের যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে এবং যানজটমুক্ত করার উদ্দেশ্যে কাছাড়ের আয়ুক্ত মৃদুল যাদব সম্প্রতি এই সড়ক এবং পার্শবর্তী এলাকা পরিদর্শন করে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন । পরিদর্শনকালে শ্রী যাদব ওই সড়কের মূল্যায়ন এবং প্রস্তাবিত সম্প্রসারণের সঙ্গে যুক্ত কয়েকটি সরকারী ভবণ ও সীমানার প্রাচীর খতিয়ে দেখেন । তিনি নিরাপত্তা ব্যবস্থার ওপর প্রথমিক গুরুত্ব আরোপ করে এই সড়ক নির্মানের সময় দীর্ঘমেয়াদী নির্মান কাজের ওপর বিশেষভাবে সতর্ক দৃষ্টি দিতে সংশ্লিষ্ট কতৃপক্ষকে নির্দেশ দেন । এই সড়ক শিলচর মেডিকেল কলেজ পর্যন্ত সম্প্রসারণ করার প্রয়াস গ্রহণ করা হয়েছে ।

---

হাইলাকান্দির ঐতিহ্যবাহী রবীন্দ্র মেলা আগামী পয়লা জানুয়ারী থেকে শুরু হবে । রবীন্দ্র মেলা পরিচালন সমিতির সভাপতি রাহুল রায়ের পৌরহিত্যে গতকাল আয়োজিত এক সভায় জানানো হয় যে এবছর ৪১তম রবীন্দ্র মেলা আগামী পয়লা জানুয়ারী বিকেল সাড়ে চারটায় উদ্বোধন করবেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী গৌতম রায় এবং মেলা আগামী ১০ই ফেব্রুয়ারী পর্য্যন্ত চলবে । সভায় মেলা পরিচালন সমিতির পক্ষে পিনাকী ভট্টাচার্য্য , রাজেশ নাথ , সুশান্ত মোহন চট্টাপাধ্যায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

হাইলাকান্দি জেলা থেকে সার্ভিস পরীক্ষায় অংশ নিতে ইচ্ছুক জেলার ছাত্র-ছাত্রীদের আসাম পুলিশের পক্ষ থেকে গাইড বুক প্রদান করা হয়েছে । জেলার পুলিশ সুপার লীনা দোলে গতকাল হাইলাকান্দি এস এস কলেজে উপস্থিত হয়ে সিভিল সার্ভিস পরীক্ষার কয়েকটি গাইড বুক কলেজ অধ্যক্ষ ও ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দিয়েছেন । এ প্রসঙ্গে কলেজ অধ্যক্ষ হিলাল উদ্দিন লস্কর জানান যে আসাম পুলিশের পক্ষ থেকে মোট ২৫টি বই এস এস কলেজকে প্রদান করা হয়েছে যা সিভিল সার্ভিস পরীক্ষায় অংশগ্রহনে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের জন্য আগামী দিনে খুবই কার্য্যকর হবে ।

---

হাইলাকান্দির পুলিশ সুপার লীনা দোলে পাঁচগ্রাম পুলিশ থানার এ এস আই দিলুয়ার হোসেন লস্করকে চাকুরী থেকে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় তদন্ত এবং থানার ও সি কল্পজ্যোতি বরাকে বদলির নির্দেশ দিয়েছেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গত ২৫ শে নভেম্বর পাঁচগ্রাম থানার অর্ন্তগত উত্তর কাঞ্চনপুর গ্রামের গাড়ি চালক মইনুল হোসেন লস্করকে থানায় ডেকে এনে শারীরিক নিগ্রহ করেছিলেন বলে বরখাস্ত হওয়া পুলিশ কর্মীর বিরুদ্ধে অভিযোগ উঠেছে । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ বাবুল লস্কর নামের অন্য এক ব্যাক্তিকেও গ্রেপ্তার করেছে ।

---

লক্ষীপুরের মণিপুরী শর্ট স্টোরী সোসাইটির ইন্ডিয়া কর্ম সমিতির এক সভা গতকাল লক্ষীপুরের খরিরোল কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়েছে । সংস্থার সভাপতি কে বিদ্যাপতি সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় আগামী ২৫ থেকে ২৭শে ডিসেম্বর পর্য্যন্ত আসামের শিবসাগরে ৩১তম মণিপুরী ছোট গল্পের আসর অনুষ্ঠিত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এছাড়া গতকালের সভায় এবছরের রাজকুমার শীতলজিৎ লাইফ টাইম এচিভমেন্ট পুরস্কার সাহিত্য সেবক আই বিনোধ সিংহকে প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে ।

শিলচর পূর্ত বিভাগের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে মূখ্যমন্ত্রীর পথ নবীকরন প্রকল্পের অধীনে শিলচর সার্কিট হাউস রোড থেকে ইন্ডিয়া ক্লাব পয়েন্ট হয়ে সেটেলমেন্ট অফিস পর্যন্ত আজ থেকে পাঁচ দিনের জন্য এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । এক প্রেস বিজ্ঞপ্তীতে এখবর জানানো হয়েছে ।